দর্শনায় ভারতীয় ১২ বোতল এসকাফ সিরাপসহ যুবক গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ভারতীয় ১২ বোতল এসকাফ সিরাপসহ এক যুবককে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত সানজিল (২৬) দর্শনা থানার আকন্দবাড়িয়া গাংধারপাড়া এলাকার ইকরামুলের ছেলে।

গত বুধবার গভীর রাতে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) হিমেল রানার নেতৃত্বে আকন্দবাড়িয়া গাংধারপাড়া এলাকায় অভিযান পরিচালনা করা হয়। এ সময় দর্শনা থানার এসআই (নিঃ) মোল্যা আরিফুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ সানজিলের বাড়ির সামনে থেকে তাকে গ্রেফতার করেন।

অভিযানকালে তার কাছ থেকে ভারতীয় ১২ বোতল এসকাফ সিরাপ উদ্ধার করা হয়।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার তাকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।